গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদক-১ শাখা

স্মারক নং- ৫৮.০০.০০০০.০৬১.১৪.০০২.১৯.৬৯৮ তারিখঃ ০৭ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ / ২২ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ "বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রগুলোর জন্য সরকারি অনুদান সংক্রান্ত নীতিমালা, ২০১৯"।

বাংলাদেশকে ২০৪১ খ্রিস্টাব্দের মধ্যে একটি উন্নত দেশ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সরকার বিভিন্ন জনকল্যাণমুখী কর্মসূচি ঘোষণা করেছে। বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার, ২০১৮ এ মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি অব্যাহত রাখার ঘোষণা প্রদান করা হয়েছে। এছাড়া ইশতেহারে তরুণদের মাদকের ভয়াল আসক্তি থেকে মুক্ত করতে প্রতিটি জেলায় সরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র করা এবং মাদকাসক্তদের চিকিৎসা সহায়তা প্রদানের জন্য বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর জন্য সরকারি অনুদান বাড়ানো হবে মর্মে অঙ্গীকার প্রদান করা হয়েছে। সে পরিপ্রেক্ষিতে বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রগুলোকে আর্থিক অনুদান প্রদানের জন্য এ নীতিমালা প্রণয়ন করা হয়।

১। শিরোনাম।- এই নীতিমালা "বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রগুলোর জন্য সরকারি অনুদান সংক্রান্ত নীতিমালা, ২০১৯'' নামে অভিহিত হইবে।

২। প্রয়োগ ও প্রবর্তন।-

(ক) এ নীতিমালা ০১ জানুয়ারি, ২০২০ তারিখ হতে কার্যকর হইবে।

(খ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হইতে লাইসেন্স প্রাপ্ত বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রগুলোর জন্য এ নীতিমালাটি প্রযোজ্য হইবে।

৩। সংজ্ঞা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকলে এই নীতিমালায়ঃ

(ক) "বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র" অর্থ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ধারা ২(৩২) এবং ধারা ২(১৮) বর্ণিত বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রকে বুঝাইবে;

(খ) "যাচাই-বাছাই কমিটি'' অর্থ আর্থিক অনুদান প্রদানের নিমিত্তে প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের জন্য নীতিমালার ৮ নং অনুচ্ছেদ অনুযায়ী গঠিত কমিটি;

(গ) "আবেদনপত্র'' অর্থ-এই নীতিমালার সাথে সংযুক্ত নির্ধারিত ফরমে দাখিলকৃত আবেদন;

(ঘ) "আর্থিক অনুদান'' অর্থ-বেসরকারি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রের সাইক্রিয়াট্রিক, চিকিৎসক, নার্স, কাউন্সিলর এর বেতন/ভাতা/সম্মানি এবং প্রশিক্ষণের ব্যয়;

৪। অনুদান প্রদানের উদ্দেশ্য।-

(ক) বেসরকারি নিরাময় কেন্দ্রসমূহের রোগীদের চিকিৎসা সেবার মান বৃদ্ধি করা;

(খ) মাদকাসক্তির চিকিৎসার প্রসার ঘটানো;

(গ) মানব সম্পদ উন্নয়ন;

৫। আর্থিক অনুদান প্রাপ্তির আবেদন পদ্ধতি।-

(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নির্ধারিত আবেদন ফরমে (পরিশিষ্ট-ক) আবেদন করতে হবে;

(খ) বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক লাইসেন্স প্রাপ্ত হতে হবে;

(গ) আবেদনপত্রের সাথে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের লাইসেন্সের কপি, গত এক বছরের সেবাপ্রাপ্ত রোগীর তালিকা, সাইক্রিয়াট্রিকস, চিকিৎসক, নার্স, কাউন্সিলর শিক্ষাগত যোগ্যতার সনদ, নিয়োগপত্র সংযুক্ত করতে হবে;

(ঘ) একই প্রতিষ্ঠানকে একই অর্থ-বৎসরে একাধিকবার অনুদান প্রদান করা যাবে না;

(ঙ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর থেকে প্রাপ্ত অর্থ যে কর্মসূচিতে ব্যয় করা হবে তার একটি বিবরণী আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। কার্যালয় নির্মাণ, মেরামত, আসবাবপত্র ক্রয়ের জন্য অনুদান ব্যবহার করা যাবে না;

(চ) উপ-পরিচালক/সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় এবং জেলা প্রশাসক এর মতামতসহ সকল আবেদনপত্র নির্ধারিত সময়ের মধ্যে অধিদপ্তরের বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করতে হবে;

(ছ) অতিরিক্ত পরিচালক বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, জেলা কার্যালয় হতে প্রেরিত আবেদনসমূহ নির্ধারিত সময়ের মধ্যে অধিদপ্তরের প্রধান কার্যালয়ে অগ্রবর্তী করবেন;

(জ) সুপারিশকৃত মতামতসমূহ যাচাই-বাছাই কমিটি পর্যালোচনাপূর্বক সুপারিশ প্রদান করবেন;

(ঝ) যাচাই-বাছাই কমিটি সুপারিশকৃত মতামতসমূহ মহপরিচালক কর্তৃক অনুমোদিত হবে। অনুমোদনকালে মহাপরিচালক যাচাই-বাছাই কমিটির সুপারিশ পুনঃবিবেচনা করতে পারবেন;

(ঞ) মহাপরিচালকের সুপারিশক্রমে চূড়ান্ত অনুমোদন প্রদান করা হবে। মহাপরিচালকের অনুমোদনের পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত চুক্তিপত্র (পরিশিষ্ট-খ) সম্পাদনান্তে 'একাউন্ট পেই' চেক হস্তান্তর করা হবে;

(ত) অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৬। অগ্রাধিকার।—মাদক বিরোধী প্রচারণায় যে সকল নিরাময় কেন্দ্র সক্রিয় অংশগ্রহণ করে থাকে তাদেরকে অনুদান প্রদানে অগ্রাধিকার দেওয়া হবে।

৭। অনুদান প্রাপ্তির শর্তাবলী।— বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র অনুদান প্রাপ্তির ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসমূহ বিবেচিত হবেঃ

(ক) বেসরকারি নিরাময় কেন্দ্রটি অবশ্যই মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর থেকে লাইসেন্স প্রাপ্ত হতে হবে;

(খ) লাইসেন্স প্রাপ্তির ০৩ বছর অতিক্রান্ত হলে অনুদান প্রাপ্তির আবেদনের যোগ্যতা অর্জন করবে;

(গ) বেসরকারি নিরাময় কেন্দ্র প্রতিষ্ঠার কমপক্ষে ৩ বছরের মধ্যে বেসরকারি নিরাময় কেন্দ্র বিধিমালার কোন বিধান লঙ্ঘন করেছে এমন কোনো অভিযোগ প্রমাণিত হলে এই সুবিধাপ্রাপ্ত হবে না। বেসরকারি নিরাময় কেন্দ্র বিধিমালা লঙ্ঘন করলে তাৎক্ষণিকভাবে এই সুবিধা অধিদপ্তর বাতিল করতে পারবে;

(ঘ) নারী ও শিশু মাদকাসক্তদের জন্য বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠাকালীন সময় ০২ (দুই) বছর অতিক্রম করলে এই সুবিধাপ্রাপ্ত হবে;

(ঙ) বেসরকারি নিরাময় কেন্দ্রের কোন কর্মকর্তাকে অধিদপ্তর থেকে প্রশিক্ষণের জন্য মনোনয়ন প্রদান করা হলে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে;

(চ) এ অনুদানের অর্থ থেকে খন্ডকালীন মনোচিকিৎসক, সার্বক্ষণিক ডাক্তার, কাউন্সিলর, নার্স এর বেতন বাবদ সরকার কর্তৃক নির্ধারিত বেতন কাঠামোতে এই অনুদান প্রদান করা যেতে পারে;

(ছ) কোন নিয়োগ-সংক্রান্ত মিথ্যা/জালিয়াতি/কোনো তথ্য ভুল প্রমাণিত হলে অধিদপ্তর অনুদান বাতিলসহ নিরাময় কেন্দ্রের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

৮। যাচাই বাছাই কমিটি।— বিভিন্ন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাইয়ের জন্য ০৭(সাত) সদস্য বিশিষ্ট নিম্নোক্ত কমিটি থাকবে। এই কমিটি যাচাই-বাছাই অন্তে প্রয়োজনীয় সুপারিশ পেশ করবেঃ

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | সভাপতি |
| ২. | সুরক্ষা সেবা বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ৩. | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | সদস্য |
| ৪. | চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৫. | সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের একজন চিকিৎসক (মহাপরিচালক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৬. | বেসরকারি নিরাময় কেন্দ্রসমূহের একজন প্রতিনিধি (মহাপরিচালক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৭. | সহকারী পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | সদস্য |

৮.১ কমিটির কার্যপরিধি।—

ক. বিভাগীয় পর্যায়ে সুপারিশকৃত আবেদনপত্রসমূহ এই নীতিমালার আওতায় যাচাই-বাছাই করা;

খ. যোগ্য ও অযোগ্য আবেদনের তালিকা প্রস্তুত করে সুপারিশসহ মহাপরিচালকের নিকট পেশ করা।

৯। মহাপরিচালকের ক্ষমতা।—মহাপরিচালক কমিটি কর্তৃক চূড়ান্তভাবে সুপারিশকৃত প্রস্তাব অনুমোদন বা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১০। অনুদান প্রাপ্তির সময়কাল।—অনুদান ০১ (এক) অর্থ -বৎসরের জন্য কার্যকর থাকবে। পরবর্তী অর্থ-বৎসরের জন্য পুনরায় আবেদন করতে পারবে।

১১। আবেদনপত্র আহবান পদ্ধতি।—বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র/পুনর্বাসন কেন্দ্রসমূহের নিকট হতে অনুদান প্রদানে নিম্নোক্ত পদ্ধতিতে আবেদনপত্র আহবান করতে হবেঃ

(ক) বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র/পুনর্বাসন কেন্দ্রসমূহের মধ্যে অনুদান বন্টনের নিমিত্তে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করে কমপক্ষে ২টি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে;

(খ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়েবসাইট (www.dnc.gov.bd) হতে ডাউনলোড করে আবেদন ফরম সংগ্রহ করে নির্ধারিত সময়ের মধ্যে জেলা ও বিভাগীয় কার্যালয়ে জমা দিতে হবে;

(গ) জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় নীতিমালার আলোকে আবেদনপত্রসমূহ পরীক্ষা-নিরীক্ষান্তে তাদের সুপারিশ এবং জেলা প্রশাসকের মতামতসহ আবেদনপত্রগুলো নির্ধারিত ছকে বিবরণী সমেত নির্দিষ্ট সময়ের মধ্যে বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় প্রেরণ করতে হবে;

(ঘ) বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় হতে সুপারিশসহ মতামত নির্দিষ্ট সময়ের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে;

(ঙ) একই অর্থ বৎসরে একই প্রতিষ্ঠানকে একাধিক বার অনুদান প্রদান করা যাবেনা।

১২। অনুদানের অর্থ বন্টন পদ্ধতি।—নিম্নোক্ত পদ্ধতিতে প্রতিষ্ঠানসমূহের মধ্যে অর্থ বণ্টন করতে হবেঃ

(ক) জেলা ও বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় প্রাপ্ত আবেদনসমূহ অনুদান বন্টন নীতিমালা অনুযায়ী পরীক্ষা-নিরীক্ষার পর অধিদপ্তরে প্রেরণ করবে;

(খ) যাচাই-বাছাই কমিটির সভার সুপারিশ চূড়ান্ত অনুমোদনের জন্য মহাপরিচালক বরাবর পেশ করতে হবে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর চূড়ান্তভাবে অনুমোদিত অনুদান বন্টন তালিকা অনুযায়ী প্রতিষ্ঠানসমূহের নামে পৃথক পৃথক একাউন্ট পেই (Account Payee) চেক জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় বরাবর প্রেরণ করবে;

(গ) অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহকে চেক গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় এবং জেলা প্রশাসক এর সাথে নির্ধারিত ফরমে (পরিশিষ্ট-খ) স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

১৩। আবেদনপত্র আহবান ও প্রক্রিয়াকরণ সময়সীমা।—

(১) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হতে বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র/পুনর্বাসন কেন্দ্রসমুহের মধ্যে অনুদান বন্টনের নিমিত্তে প্রতি বছর ৩১ মার্চ এর মধ্যে আবেদনপত্র আহবান করে বিজ্ঞপ্তি জারি করতে হবে;

(২) আবেদনপত্র আহবান সংক্রান্ত বিজ্ঞপ্তি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়েবসাইট (www.dnc.gov.bd) ও জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করতে হবে;

(৩) বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র/পুনর্বাসন কেন্দ্রের মধ্যে অনুদান প্রদানের নিমিত্তে আবেদনপত্রের সময়সূচিঃ

(ক) জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ে আবেদনপত্র জমা দেওয়ার- তারিখ- ০১-৩১ জুলাই

(খ) আবেদনপত্র সমূহ বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের অতিরিক্ত পরিচালকের নিকট আবেদনপত্র জমা দেয়ার সর্বশেষ তারিখ - ৩০ আগস্ট

(গ) বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় সকল আবেদনপত্র প্রয়োজনীয় কাগজপত্রসহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে প্রেরণের সর্বশেষ তারিখ- ১৫ সেপ্টেম্বর

(ঘ) যাচাই-বাছাই কমিটি সুপারিশ মহাপরিচালকের নিকট দাখিলের সর্বশেষ তারিখ - ২০ নভেম্বর

(ঙ) মহাপরিচালকের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ ও অনুদান বিতরণ তারিখ- ৩০ ডিসেম্বর

(৪) বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় আবেদনপত্রে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় এর সুপারিশ এবং জেলা প্রশাসকের মতামতসহ ১৫ সেপ্টেম্বর এর মধ্যে অবশ্যই মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে প্রেরণ করবেন;

(৫) প্রতিটি আবেদন পত্র এবং আনুষঙ্গিক কাগজপত্র পৃথক পত্রের মাধ্যমে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে;

(৬) অনুদানের আবেদনসমূহ বিবেচনার জন্য কমিটির সভায় উপস্থাপন করতে হবে। কমিটির সভায় সিদ্ধান্তের জন্য পেশ করে চূড়ান্ত করতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে অনুদানের একাউন্ট পেই (Account Payee) চেক তৈরী করে জেলা ও বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় বরাবর প্রেরণ করতে হবে। চেক প্রাপকের নিকট নির্দিষ্ট অর্থ বৎসরের জুন মাসের মধ্যে বিতরণ সম্পন্ন করতে হবে।

১৪। সংশোধনের ক্ষমতা।—সরকার বিভিন্ন সময়ে সার্কুলারের মাধ্যমে নীতিমালার পরিবর্তন পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

পরিশিষ্ট-ক
(নীতিমালার ৫ক অনুযায়ী)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র এর অনুদানের আবেদন ফরম
অর্থ বছরঃ....................................................

১। বেসরকারি নিরাময়/পুনর্বাসন কেন্দ্রের নামঃ.......................................................
২। ঠিকানাঃ...................................................গ্রাম/রাস্তা নং ........................
সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন........................ওয়ার্ড নং ....................
ডাকঘর.............. উপজেলা................... জেলা....................................
দূরালাপনী নং ................ফ্যাক্স নং ................. ই-মেইল নং ..........................
৩। প্রতিষ্ঠার তারিখঃ..............................................
৪। প্রথম লাইসেন্স প্রাপ্তির নম্বর ও তারিখঃ...................................................................
(লাইসেন্সের অনুলিপি সংযোজন করতে হবে)
৫। সর্বশেষ নবায়নের তারিখঃ .........................................................................
৬। কার্য এলাকাঃ.........................................................................................
৭। বেড সংখ্যাঃ............................................................................
৮। কর্মরত জনবলের বিবরণঃ সাইক্রিয়াট্রিক চিকিৎসক, নার্স, কাউন্সিলরসহ কর্মরত অন্যান্য জনবলের বিবরণ আলাদা ছকে (পদের নাম, সংখ্যা, শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি তথ্যসহ) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৯। বর্তমান কার্যক্রমসমূহের নামঃ(১)............................................(৪).................
(২)..........................................(৫).................................
(৩)............................................(৬)....................................
(কার্যক্রমের বিস্তারিত বিবরণ/বার্ষিক প্রতিবেদন সংযোজন করিতে হইবে)
১০। চাহিত অনুদানের পরিমানঃ টাকা............................................
১১। চাহিত অনুদান যে কার্যক্রমে ব্যয় করা হইবেঃ.................................................
১২। বাংলাদেশের অন্যান্য প্রতিষ্ঠান থেকে গত তিন বৎসরের অনুদানের বিবরণঃ (প্রযোজ্য ক্ষেত্রে)
১৩। আমরা এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য। আমরা আরও ঘোষণা করিতেছি যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক বরাদ্দকৃত আর্থিক অনুদান খরচের ব্যাপারে অর্পিত যাবতীয় শর্তাবলী আমরা মানিয়া চলিতে বাধ্য থাকিব।

...................
পরিচালক/স্বত্বাধিকারীর স্বাক্ষর (তারিখসহ)
নামঃ........................
(সীলমোহর)

১৪। অনুদান প্রাপ্তির জন্য সুপারিশকৃত/সুপারিশকৃত নহে।
স্বাক্ষর............................
উপ-পরিচালক / সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়
(সীলমোহর)

১৫। স্বাক্ষর
জেলা প্রশাসক
জেলাঃ
বিঃদ্রঃ আবেদনপত্র মূলকপি প্রধান কার্যালয়ে পাঠাতে হবে। ফটোকপি অফিস কপি হিসাবে সংরক্ষণ করতে হবে।

পরিশিষ্ট-খ

(নীতিমালার ২গ অনুযায়ী)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

সুরক্ষা সেবা বিভাগ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত অনুদানের চুক্তিপত্র]

১। বেসরকারি নিরাময়/পুনর্বাসন কেন্দ্রের নামঃ..............................................................

২। প্রতিষ্ঠানের পূর্ণ ঠিকানাঃ...............................................................................

৩। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত লাইসেন্স নম্বর ও তারিখঃ.................................

৪। মঞ্জুরিকৃত অনুদানের পরিমাণঃ (অংকে)..............................(কথায়).........................

৫। অর্থ বছরঃ............................................................................................

৬। আমার প্রতিষ্ঠানের প্রতিনিধিবর্গ এই মর্মে স্বীকারোক্তি করিতেছি যে, উল্লিখিত অনুদান প্রতিষ্ঠানের নিম্নবর্ণিত কর্মসূচির জন্য ব্যবহৃত হইবেঃ-

(১)

(২)

(৩)

(৪)

৭। শর্তাবলীঃ

(ক) বেসরকারি নিরাময় কেন্দ্র প্রতিষ্ঠার কমপক্ষে ৩ বছরের মধ্যে বেসরকারি নিরাময় কেন্দ্র বিধিমালার কোন বিধান লঙ্ঘন করেছে এমন কোনো অভিযোগ প্রমাণিত হলে এই সুবিধাপ্রাপ্ত হবেনা। বেসরকারি নিরাময় কেন্দ্র বিধিমালা লঙ্ঘন করলে তাৎক্ষণিক ভাবে এই সুবিধা অধিদপ্তর বাতিল করতে পারবে;

(খ) কোন নিয়োগ ভুয়া প্রমাণিত হলে অধিদপ্তর অনুদান বাতিলসহ নিরাময় কেন্দ্রের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারে;

(গ) প্রাপ্ত অনুদানের খরচের বিবরণী অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত ফরমে জেলার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ের দায়িত্বে নিয়োজিত উপ-পরিচালক/সহকারী পরিচালকের মাধ্যমে আর্থিক বছর শেষ হওয়ার একমাসের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

পরিচালক/স্বত্বাধিকারীর স্বাক্ষর.........................

নামঃ......................................................

তারিখঃ..................................................

স্বাক্ষর

সহকারী পরিচালক/উপপরিচালক

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়

দস্তখতঃ...................................

পদবীঃ.....................................

তারিখঃ....................................

প্রতিস্বাক্ষর

জেলা প্রশাসক

স্মারক নং- ৫৮.০০.০০০০.০৬১.১৪.০০২.১৯. ৬৯১/১৪

তারিখঃ ০৭ পৌষ , ১৪২৬ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর , ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, স্বাস্থ্য সেবা/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৭। কমিশনার-----------------------------বিভাগ (সকল)।
৮। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪১, সেগুনবাগিচা, ঢাকা।
৯। জেলা প্রশাসক ----------------------------------সকল।
১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা। (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ এবং ৫০ কপি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৪। অফিস কপি/মাস্টার কপি।

22/12/2019

(মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৩২২৯